



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

কৃষি ঋণ ও আর্থিক সেবাব্যক্তি বিভাগ

এসিএফআইডি সার্কুলার লেটার নং- ০২

০১ শ্রাবণ, ১৪২২

তারিখঃ

১৬ জুলাই, ২০১৫

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
সকল বেসরকারী ও বিদেশী ব্যাংক

প্রিয় মহোদয়,

কৃষি ও পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও বাস্তবায়ন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগ কর্তৃক জারীকৃত ১৬ মে, ২০১১ তারিখের এসিডি সার্কুলার নং-০১ এবং ৫ জানুয়ারী, ২০১৫ তারিখের এসিএফআইডি সার্কুলার লেটার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলার লেটারটি নিম্নরূপে সংশোধন করা হলোঃ

- ক) কৃষি ও পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের স্বার্থে প্রত্যেক ব্যাংক মাসিক ভিত্তিতে স্ব-স্ব ব্যাংকের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি শাখা/আঞ্চলিক অফিস/প্রধান কার্যালয় পর্যালোচনা করবে। কোন ত্রৈমাসিকে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হলে, অনর্জিত অংশ সংশ্লিষ্ট ব্যাংক পরবর্তী ত্রৈমাসিকে বাংলাদেশ ব্যাংকে জমা করতে পারে।
- খ) অর্থবছর শেষে কোন ব্যাংক কৃষি ও পল্লী ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জন করতে না পারলে; অনর্জিত অংশের সমপরিমাণ অর্থ বাংলাদেশ ব্যাংকের নিকট বাধ্যতামূলকভাবে জমা রাখতে হবে। বাংলাদেশ ব্যাংক উক্ত জমাকৃত অর্থের ওপর কোনরূপ সুদ প্রদান করবে না।
- গ) কোন ব্যাংক যদি পরবর্তী অর্থবছরের লক্ষ্যমাত্রার সাথে পূর্ববর্তী অর্থবছর/বছরসমূহের লক্ষ্যমাত্রার অনর্জিত অংশ সম্পূর্ণ/আংশিক বিতরণ করতে পারে, সেক্ষেত্রে জমাকৃত/কর্তনকৃত অর্থ সম্পূর্ণ বা আনুপাতিক হারে সংশ্লিষ্ট ব্যাংককে ফেরত প্রদান করা হবে।

এছাড়া ১৬ মে, ২০১১ তারিখের এসিডি সার্কুলার নং-০১ এর অনুচ্ছেদ নং ক, গু এবং চ এ বর্ণিত বিষয়াবলীসহ অন্যান্য বিষয়াবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ ২০১৫-১৬ অর্থবছর হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(প্রভাষ চন্দ্র মল্লিক)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩৮